



জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ম্যুরালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



১৫ আগস্ট ২০২৩, মঙ্গলবার, সময়: সকাল ১০টায় জাতীয় শোক দিবস-২০২৩ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮ তম শাহাদত বার্ষিকী উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নবনির্মিত বঙ্গবন্ধুর ম্যুরালে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা, প্রক্টর, ছাত্র-ছাত্রী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, নীল দল, কর্মকর্তা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এরপর, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল, কর্মকর্তা সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ, সাংবাদিক প্রতিনিধিবৃন্দ, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী কল্যাণ সমিতি এবং অন্যান্য সংগঠনের পক্ষ থেকে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এসময় ৭৫' এর ১৫ আগস্ট-এ নিহতদের স্মরণে দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়।